Ex./BANGLA/PG/1.1/2019

**স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯**

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

**বিভাগ  বাংলা**

**সাধারণ ভাষাবিজ্ঞান**

**কোর্স  পি.জি. - ১.১**

সময়  ২ ঘণ্টা  পূর্ণমান  ৩০

প্রত্যেক বর্গ থেকে অন্তত ***একটি*** করে সর্বমোট ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও।

**বর্গ  ক**

১. ধ্বনিবিজ্ঞান ও ধ্বনিতত্ত্বের আলোচনাক্ষেত্র কি এক? ধ্বনিবিজ্ঞানের প্রধানতম শাখাগুলি নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ৩+৭=১০

২. বাগধ্বনির উদ্ভব কীভাবে হয়? বায়ুপ্রবাহ প্রক্রিয়া (Airstream Process) এবং উচ্চারণ প্রক্রিয়া (Articulatory Process) সম্পর্কে লেখো। ২+২+৪=১০

৩. রূপ কাকে বলে? পদ কাকে বলে? উদাহরণসহ রূপ এবং পদের পারস্পরিক সম্পর্ক বুঝিয়ে দাও। পদনির্মাণ প্রসঙ্গটি আলোচনা করো। ১+১+৪+৪=১০

(Turn over)



৪. বাক্য সংবর্তন বলতে কী বোঝ? উদাহরণসহ যে কোনও তিনপ্রকার সংবর্তন প্রক্রিয়া বিশ্লেষণ করো। ১+৩+৩+৩=১০

৫. সংক্ষেপে লেখো  (যে কোনও ***দুটি***)  ৫x২=১০

ক. Cardinal Vowel

খ. সহরূপিম বা Allomorph

গ. দ্বিস্বর (Diphthong)

ঘ. নামপদ

ঙ. মৌলিক ও অমৌলিক বাক্য

বর্গ  খ

৬. (ক) সামাজিক উপভাষা ‘চর্চায় ব্যবহার অনুসারী ভাষা’র ধারণাটি সংক্ষেপে আলোচনা করো। ৬

(খ) শ্রেণি উপভাষা বলতে কী বোঝ? ৪

৭. সংক্ষেপে লেখো  (যে কোনও ***দুটি***)  ৫x২=১০

ক. ‘Peer Group Pressure’

খ. দ্বিবাচনিকতা

গ. পিজিন

৮. ভাষাঋণের কারণগুলি উল্লেখ করো। বাংলায় ভাষাঋণের যেসব ধরন দেখা যায় তা উদাহরণসহ আলোচনা করো। ৩+৭=১০

—— X ——